



বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও প্রকাশনা

বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন ।

বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশনা

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

ক্রঃ নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫
১.	Digital Store Management	বিটিএমসি প্রধান কার্যালয়ের সাধারণ কর্মশাখায় ভান্ডার ব্যবস্থাপনায় যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু, মালামালের দিনভিত্তিক, মাসভিত্তিক ও বাৎসরিক প্রতিবেদন সংক্রান্ত সকল কার্যক্রম Digital Store Management এর মাধ্যমে সম্পন্ন করা।	বিটিএমসি প্রধান কার্যালয়ের সাধারণ কর্মশাখায় একটি Store (ভান্ডার) রয়েছে। এতে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য প্রায় ২০০ (দুইশত) এর উপরে মালামাল রয়েছে। Store (ভান্ডার) এ ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মজুদ করা হয়। এ পদ্ধতিতে জরুরী প্রয়োজনে তাৎক্ষণিক মালামালের পরিমাণ ও মূল্য প্রদান করা জটিল ও সময় সাপেক্ষ। এছাড়াও ম্যানুয়াল পদ্ধতিতে ভান্ডার ব্যবস্থাপনায় বিভিন্ন ধরনের ভুলত্রুটি হওয়ার সম্ভাবনা থাকে। ভান্ডার ব্যবস্থাপনায় Digital Store Management এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হলে এর মাধ্যমে ভান্ডারের যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মালামালের অবস্থা খুব সহজেই পাওয়া যাবে। এতে একদিকে Store (ভান্ডার) এ মালামালের ঘাটতি হবে না অন্যদিকে মালামাল গ্রহনকারী সমাপনী মালামালের মজুদের অবস্থা বিবেচনা করে তাঁর মালামালের রিকুইজেশন দিতে পারবেন। সর্বোপরি Digital Store Management বাস্তবায়ন করা হলে ভান্ডার ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।	বাস্তবায়িত
২.	Basic Information Display	বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) প্রধান কার্যালয়ে Basic Information Display স্থাপন করা হবে। এতে বিটিএমসি'র মৌলিক তথ্যাদি উপস্থাপিত হতে থাকবে। এছাড়াও বিটিএমসি'র প্রতিষ্ঠাকাল থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত জনবল সংক্রান্ত, মামলার সারসংক্ষেপ ও নিরীক্ষা উপাত্ত ইত্যাদি বিষয়গুলো চলমানভাবে প্রদর্শিত হতে থাকবে।	বিটিএমসি প্রধান কার্যালয়ে বিভিন্ন বিভাগে কর্মকর্তা ও কর্মচারী কর্মরত রয়েছে। কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিটিএমসি'র মৌলিক তথ্যাদি জানা প্রয়োজন। এ লক্ষ্যে Basic Information Display একটি কমন স্পেসে স্থাপন করা হবে যাতে চলমানভাবে প্রদর্শিত বিষয়গুলো চলাফেরার পথে সকলের দৃষ্টিগোচর হয়। এতে করে প্রদর্শিত বিষয়গুলো সকলে অবহিত হবে।	বাস্তবায়িত